R. N. No. 2532/57 Phone : 66228 (Press), 67228 (Resi.)/STD 03483 Regd. No.—WB/MSD- 4

A Great News to all !
FINALLY WEB WORLD EDUCATION Introduces a six months certificate course for beginners & also for professionals.
For Details Contact at
HAQUE PHARMACY
Raghunathganj, Garighat
Ph. ( 03483 ) 66295

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত **শরৎচন্দ্র পণ্ডিত** ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাঙ্ক
অনুমোদিত )
ফোন : ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৬শ বর্ষ
৩৯শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৭ই ফাল্গুন, বুধবার, ১৪০৬ সাল।
১লা মার্চ, ২০০০ সাল।

নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## সন্ধ্যে রাতে প্যাসেঞ্জার ট্রেনে ভয়াবহ ডাকাতি, ব্যবসায়ীকে আহত করে দু'লক্ষর ওপর টাকা লুঠ, চারজন গ্রেপ্তার

নিজস্ব সংবাদদাতা : ৮৪০ ডাউন জামালপুর—কাটোয়া প্যাসেঞ্জার ট্রেনে গত ২৩ ফেব্রুয়ারী সন্ধ্যে ৬-৩০ নাগাদ এক ভয়াবহ ডাকাতিতে দু'লক্ষর ওপর টাকা লুঠ হয়। জঙ্গিপুরের ষ্টেশন মাষ্টার জানান—ট্রেনটি সেদিন এক ঘন্টার ওপর দেরীতে এসে ৫-২৫ নাগাদ এখান থেকে ছেড়ে যায়। প্রত্যক্ষদর্শীর বিবরণে প্রকাশ, মনিগ্রাম থেকে ছেড়ে ট্রেনটি মহীপাল হল্ট ষ্টেশনে ঢোকার মুখে আউটার সিগন্যাল না পেয়ে মাঠের মধ্যে দাঁড়িয়ে যায়। সেই সময় তাদের কামরায় ডাকাতি শুরু হয়। কামরার কয়েকজন যাত্রীবেশী দুর্বৃত্ত ছাড়াও অন্ধকারের মধ্যে আরো কয়েকজন ঐ কামরায় উঠে পড়ে। ধুলিয়ানের দেশী মদ ব্যবসায়ী স্বাধীন প্রামাণিক, জিয়াগঞ্জের চানাচুর ব্যবসায়ী মনোজ সাহাসহ কয়েকজন ব্যবসায়ী ঐ কামরায় ছিলেন। দুর্বৃত্তরা প্রথমেই স্বাধীন প্রামাণিকের ওপর চড়াও হয়ে তাঁর ব্যাগ ছিনিয়ে নিতে গেলে স্বাধীনবাবু বাধা দেন। দুর্বৃত্তের ভোজালীর আঘাতে তাঁর দুটো হাত সাংঘাতিকভাবে জখম হয়। মাথায়ও চোট লাগে। রক্তাক্ত স্বাধীন প্রামাণিকের কাছ থেকে টাকা ভর্তি ব্যাগটি দুর্বৃত্তরা ছিনিয়ে নেয়। অন্য ব্যবসায়ীরা এই পরিস্থিতিতে টাকা পয়সা দিয়ে দিলে দুর্বৃত্তরা কামরা থেকে নেমে চলে যায়।
ঐ দিন রাত ৯টা নাগাদ জঙ্গিপুর রোড ষ্টেশনে তিস্তা তোর্সা এবং কামরূপ এক্সপ্রেসের ক্রসিং হয়। আজিমগঞ্জ জি, আর, পি জঙ্গিপুর ষ্টেশনে দাঁড়িয়ে থাকা ( শেষ পৃষ্ঠায় )

## পুর নির্বাচনে আসন রফা হলো বিজেপি ও তৃণমূলের

বিশেষ প্রতিবেদক : গত ১০ ফেব্রুয়ারী জঙ্গিপুরে এক সভা ডেকে তৃণমূল কংগ্রেস ও বিজেপি আসন্ন পুর নির্বাচনে নিজেদের মধ্যে আসন সমঝোতা করলো। জানা যায় পুরসভার ২০টি ওয়ার্ডের মধ্যে তৃণমূল ১৩ ও বিজেপি ৭টি আসনে প্রার্থী দেবে। ঠিক হয়েছে ৫, ৯, ১৪, ১৫, ১৬, ১৭ ও ২০ নম্বর ওয়ার্ডে বিজেপি প্রার্থী দেবে। তবে পুর নির্বাচনে কংগ্রেসের সঙ্গে বিজেপি-তৃণমূলের আসন রফার পরিষ্কার কোন খবর এখনও পর্যন্ত নাই। বিজেপির মতে কংগ্রেসের সঙ্গে আসন রফা না হলে পুর ভোটে বামফ্রন্টকে বেকায়দায় ফেলা প্রায় অসম্ভব। মহকুমার অপর পুরসভা ধুলিয়ানেও আসন্ন পুর নির্বাচনকে সামনে রেখে বিজেপি অগ্রাসন ভবনে সম্প্রতি এক কর্মী সভা করে। প্রায় ২৫০ জনের এই সভায় স্থানীয় নেতা ষষ্টীচরণ ঘোষ ও সফিরুদ্দিন ছাড়াও পুরসভার বিজেপি কমিশনার এবং জেলা নেতা দেবশীষ সরকার, সভাপতি শুভেন্দু বিশ্বাস উপস্থিত ছিলেন। আগামী নির্বাচনে তৃণমূলের সঙ্গে আসন রফা হলে বিজেপি ৫, ৬, ৭, ১০, ১৬ এবং ১৯ নম্বর ওয়ার্ডে প্রার্থী দেবে বলে জানা যায়। ১৯টি ওয়ার্ড নিয়ে গঠিত ধুলিয়ান পুরসভার বিজেপির উপ-পুরপতি বলেন, বর্তমান বোর্ড কংগ্রেস-বিজেপি জোটের হলেও কিছু কংগ্রেসী কমিশনারের সঙ্গে সিপিএমের যোগাযোগ আছে। তাই তাঁরা ভবিষ্যতে এরূপ জোট চাইছেন না।

## ডি, এন কলেজে এস এফ আই জয়ী সন্ত্রাসের অভিযোগ এনে ছাত্র পরিষদের ভোট বয়কট

নিজস্ব সংবাদদাতা : অরঙ্গাবাদ ডি, এন কলেজ ছাত্র সংসদ নির্বাচনে জয়ী হয় এস এফ আই। গত ২৪ ফেব্রুয়ারী কলেজের দিবা ও প্রাতঃ বিভাগের মোট ৩০টি আসনের মধ্যে এস এফ আই ২৯টি দখল করে। কলেজ গভর্নিং বডির সদস্য নির্বাচিত হন সোমা সাহা সরাসরি ভোটের মাধ্যমে। গভঃ বডিতে মহিলা প্রতিনিধি এই কলেজে প্রথম বলে জানা যায়। অন্যদিকে ভোট চলাকালীন কলেজের ভিতরে এস এফ আই সমর্থকদের সন্ত্রাস ও জুলুমের প্রতিবাদে ছাত্র পরিষদ ভোট বয়কট করে। বেলা ১১টার পর কলেজ চত্বরে তাদের দেখা যায় না। (শেষ পৃষ্ঠায়)

## চোলাই মদ খাইয়ে নৃশংসভাবে খুন

সাগরদীঘি : গত ১৫ ফেব্রুয়ারী মনিগ্রাম রেল লাইনের উপর থেকে হাত-পা কাটা এক মৃতদেহ উদ্ধার হয়। মৃতদেহটি সেখপাড়ার রাজু সেখের বলে গ্রামবাসীরা জানায়। এক গ্রামবাসীর কথামতো রঘুনাথগঞ্জগামী বাস থেকে জনৈক আজাদ সেখকে গ্রামের লোক নামিয়ে নিয়ে আসে। আজাদের জামা কাপড়ে রক্তের ছাপ দেখা যায়। গণপ্রহারে সে গ্রামের লোকের কাছে স্বীকার করে রাজুকে চোলাই মদ খাইয়ে রেল লাইনের ধারে নিয়ে গিয়ে তারা তিনজনে খুন করেছে। পুলিশ গ্রেপ্তার করে আজাদকে চিকিৎসার জন্য বহরমপুর হাসপাতালে পাঠিয়ে দেয়। খুনের কোন কারণ জানা যায়নি।

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, শুধু কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাণ্ডার চা ভাণ্ডার।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৭ই ফাল্গুন বুধবার, ১৪০৬ সাল।

## ॥ ধন্যবাদ রেলমন্ত্রীকে ॥


কেন্দ্রীয় রেল বাজেট প্রকাশিত হইয়াছে। এই প্রথম কোন ভারতীয় মহিলা—কোন বঙ্গললনা, রেলমন্ত্রী হইয়া রেলবাজেট প্রণয়ন করিলেন এবং বিরোধীপক্ষকে রেল-বাজেট সম্বন্ধে নিন্দা সমালোচনার পথ হইতে দূরে রাখিলেন।

সাধারণভাবে দেখিতে গেলে এই রেল-বাজেট পশ্চিমবঙ্গকে যথেষ্ট উপকৃত করিয়াছে; কিন্তু ভারতের অন্যান্য রাজ্যকে যে অবহেলা করা হইয়াছে, তাহা নহে। অবশ্য সমালোচকেরা চিরকালই যাহা বলিবার, বলিবেন।

রেলযাত্রীদের ভাড়া বাড়ান হয় নাই, ইহা এক চরম স্বস্তি। সর্বশ্রেণীর মানুষ—কি ধনী, কি দরিদ্র, রেলমন্ত্রীর প্রতি কৃতজ্ঞ রহিবেন। খাদ্যশস্য, চিনি, ভোজ্য তেল, লবণ, কেরোসিন, রান্নার গ্যাস, ফল ও সবজির জন্য পণ্যমাশুল প্রস্তাবিত বাজেটে বাড়ান হয় নাই। অবশ্য কেরোসিন, পেট্রোল এবং রান্নার গ্যাসের মূল্যবৃদ্ধির চাপ ভোক্তাদের অন্যভাবে সহিতে হইবে। অন্যান্য পণ্যমাশুল সাধারণভাবে পাঁচ শতাংশ বাড়িবে, বলা হইয়াছে। শিল্পের জন্য আকরিক লৌহ, কয়লা, লৌহ ও ইস্পাত, সিমেন্ট, ডোলোমাইট ও চুনাপাথরের উপর মাশুল পাঁচ শতাংশ কমিবে। পার্সেল ও লাগেজের জন্য মাশুল সাত শতাংশ বৃদ্ধি পাইলেও খবরের কাগজ, ম্যাগাজিন, ঔষধের পার্সেল ও লাগেজের জন্য মাশুল বাড়িবে না। দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীরা বিনা ভাড়ায় বাড়ি হইতে শিক্ষাকেন্দ্রে এবং সেখান হইতে বাড়ি ট্রেনে যাতায়াতের সুবিধা পাইবে; কারগিলে নিহত জওয়ানদের পত্নীরা ট্রেনভাড়ায় ৭৫ শতাংশ ছাড় পাইবেন। স্বাধীনতা সংগ্রামীরা রাজধানী ও শতাব্দী এক্সপ্রেসে একবার বিনা ভাড়ায় যাতায়াত করিতে পারিবেন। এই সুযোগ এক বৎসরের জন্য পাওয়া যাইবে।

রেলের নানা উন্নয়নের প্রস্তাব বাজেটে রাখা হইয়াছে। বেশ কিছু নূতন ট্রেন চলিবার কথা বলা হইয়াছে। মেট্রোরেল ও চক্ররেলকে প্রসারিত করা হইবে। নূতন রেলপথ পাতার প্রস্তাব করা হইয়াছে।

সার্বিকভাবে ২০০০—২০০১ সালের রেল বাজেটে কোন শ্রেণীর মানুষের উপর যে আর্থিক চাপের প্রভাব পড়িবে না, রেলমন্ত্রী সেদিকে দৃষ্টি রাখিয়াছিলেন। তাঁহাকে আমরা ধন্যবাদ জানাই।




ছেলেদের মস্তিষ্ক মেয়েদের তুলনায় বেশী ক্ষয় হয় বলে ছেলেরা মেয়েদের চেয়ে স্বল্পায়ু হয়, বলেছেন মনস্তত্ত্ববিজ্ঞানী ডঃ রুবিন গুর।

—সংসার করতে গেলে ট্যাক্স দিতে হবে না?

* *

'ওয়াটার' ছবির শুটিং পশ্চিমবঙ্গে করার জন্যে দীপা মেহতাকে আমন্ত্রণ জানান হয়েছে বলে খবর।

—পশ্চিমবঙ্গে জলস্তর নেমে যাচ্ছে যে!

* *

এবার পূর্ব কলিকাতায় কিছু সরস্বতী প্রতিমার মাথা গুঁড়িয়ে দেওয়া হয়েছে।—সংবাদ।

—'টিক'-'ক্রশ' দিয়ে স্টার পেয়েও গো-হারা হতে হয়, তাই সারস্বত অভিমান।

* *

ওসামা বিন লাদেনের সন্ধান দিতে পারলে আমেরিকা ৫০ লক্ষ ডলার পুরস্কার দেবে এই মর্মে পাকিস্তানে ১০০ টাকার নোট এবং দেশলাই বাক্সে বিজ্ঞাপন দেওয়া হয়েছে বলে জানা গেল।

—অনেকদিন ধরে চেষ্টা করেও আমেরিকা লাদেনকে ধরতে পারছে না; মাথা হেঁট হচ্ছে ত!

* *

নেতাজী প্রশ্নে কমিশন সম্বন্ধে আপনার ধারণা?—একটী প্রশ্ন।

—ইংরেজী 'কমিশন' শব্দকে দু-ভাগ করলে 'কম' এবং 'মিশন' পাওয়া যাবে। এখন এ কমিশনের 'মিশন' কম হবে, মনে হয় না।

### ইন্দিরা গান্ধী মুক্ত বিশ্ববিদ্যালয়ের শাখা চালু বিষয়ক সভা

নিজস্ব সংবাদদাতা: জঙ্গিপুর কলেজে ইন্দিরা গান্ধী মুক্ত বিশ্ববিদ্যালয়ের শাখা খোলার ব্যাপারে সভা ডাকে ডিপ্রেসড় ক্লাস লীগের কর্মকর্তারা। সভায় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক অধিকর্তা গত ২০ ফেব্রুয়ারী রঘুনাথগঞ্জ ডিপ্রেসড ক্লাস লীগের অফিস গৃহে শাখা খোলার আলোচনা প্রসঙ্গে আশা প্রকাশ করেন। স্থানীয় কলেজের অধ্যক্ষ সভায় হাজির ছিলেন। তাঁর মতে কলেজ গভর্নিং বডির অনুমোদন ব্যতীত ও কলেজে সুষ্ঠু পরিবেশ ছাড়া এরূপ শাখা খোলা সম্ভব নয়।

### বিজেপি নেতাদের বিরুদ্ধে টাকা নয়ছয়ের অভিযোগ

ধুলিয়ান: গত ১১—১৩ জানুয়ারী স্থানীয় পুরসভায় যে সহস্রাব্দ ও ঈদ মিলন উৎসব হয় তাতে বিজেপি নেতা ষষ্টি ঘোষ ও কমিশনার কাশীনাথ রায়ের নামে পুরসভার অর্থ নয়ছয়ের অভিযোগ পাওয়া গেছে। উল্লেখ্য গত ১৭ ফেব্রুয়ারী অগ্রিম বাবদ কাশীবাবু পুরসভার কাছে চেকে ৩০ হাজার টাকা নেন। এর পূর্বে তিনি ৫০ হাজার টাকাও নেন। তারা এ টাকা উৎসবের খরচ বাবদ নিলেও বিরোধী কমিশনারদের বক্তব্য বাজারের বহু ব্যবসায়ী এখনও বিভিন্ন বিলের টাকা পাননি। এ ব্যাপারে তারা পুরপতি কংগ্রেসের সফর আলীকেও দায়ী করছেন। অনেকের মতে কংগ্রেস-বিজেপির এরূপ দুর্নীতি পরায়ণ বোর্ড আগামী নির্বাচনেই উল্টে যাবে।

**জঙ্গিপুর সংবাদ**/সাপ্তাহিক সংবাদপত্র

১৯৫৬ সালের সংবাদপত্রের রেজিষ্ট্রেশন (কেন্দ্রীয়) আইনের ৮ ধারা অনুযায়ী মালিকানা ও অন্যান্য বিষয়ের বিবরণ: ৪নং ফরম। ১। যে স্থান হইতে প্রকাশিত হয়—'জঙ্গিপুর সংবাদ' কার্য্যালয়, দাদাঠাকুর প্রেস এ্যাণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ (পঃ বঃ)। ২। প্রকাশের সময় ব্যবধান—সাপ্তাহিক। ৩,৪,৫। মুদ্রাকর, প্রকাশক ও সম্পাদকের নাম অনুত্তম পণ্ডিত, জাতি ভারতীয় নাগরিক, বাসস্থান চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ (পঃ বঃ)। ৬। এই সংবাদপত্রের সত্ত্বাধিকারী অথবা যে সকল অংশীদার মূলধনের এক শতাংশের অধিক অংশের অধিকারী তাঁহাদের নাম ও ঠিকানা—অনুত্তম পণ্ডিত, দাদাঠাকুর প্রেস এ্যাণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ (পঃ বঃ)।

আমি অনুত্তম পণ্ডিত, এতদ্দারা ঘোষণা করিতেছি যে, উপরোক্ত বিবরণসমূহ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

স্বাঃ অনুত্তম পণ্ডিত, প্রকাশক
রঘুনাথগঞ্জ, ১লা মার্চ ২০০০

### কৃতী ছাত্ররা পুরস্কৃত

নিজস্ব সংবাদদাতা: গত ২০ ফেব্রুয়ারী সাগরদীঘি এস, এন, হাই স্কুল প্রাঙ্গণে প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদ পরিচালিত ১৯৯৮-৯৯ বর্ষের প্রাথমিক শেষ (বৃত্তি) পরীক্ষায় সাগরদীঘি পরীক্ষা কেন্দ্রের কৃতকার্য্য ছাত্র-ছাত্রীদের সার্টিফিকেট দানসহ পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে পৌরোহিত্য করেন হৃদয়রঞ্জন কাব্যতীর্থ সাহিত্য ভারতী। সমিতির সম্পাদক লক্ষ্মীনারায়ণ বন্দোপাধ্যায় ও সহ-সম্পাদক সফিক রহমান বক্তব্য রাখেন।

## অস্থি বিকলাঙ্গদের তিনদিনের শিবির

নিজস্ব সংবাদদাতা : গত ১৮—২০ ফেব্রুয়ারী জঙ্গিপুর মহকুমা হাসপাতাল প্রাঙ্গণে অস্থি বিকলাঙ্গদের তিন দিনের এক শিবির হয়ে গেল। শিবির পরিচালনা করেন কলকাতার বনহুগলীর অস্থি বিকলাঙ্গ সংস্থার কর্মী ও ডাক্তাররা। শিবিরের ব্যবস্থাপনায় ছিল জঙ্গিপুর পুরসভা, লায়ন্স ক্লাব ও রঘুনাথগঞ্জ থানা। তিনদিনের শিবিরে অস্থি বিকলাঙ্গদের চিকিৎসা ও ট্রাইসাইকেল, হুইল চেয়ার ও স্ক্রাচ বিতরণ করা হয়। জটিল চিকিৎসা বা অপারেশনের জন্য রোগীদের কলকাতার হাসপাতালে নিয়ে যাওয়ারও ব্যবস্থা ছিল। শিবিরে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বাস্থ্য দপ্তরের প্রাক্তন ডিরেক্টর জনারেল ডাঃ আশিসকুমার মুখার্জী, জেলা শাসক হরিকৃষ্ণ দ্বিবেদী, অস্থি বিকলাঙ্গ সংস্থার ডিরেক্টর রত্নেশকুমার, মহকুমা শাসক মণীশ রায়, সি এম ও এইচ দেবীশঙ্কর মিশ্র, জঙ্গিপুরের সাংসদ আবুল হাসনাত খান ও শিবিরের আহ্বায়ক জঙ্গিপুরের পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য। সভার বক্তারা সকলেই বিকলাঙ্গদের প্রতি কোনরকম দয়া না দেখিয়ে তাঁদের প্রতি সমাজের দায়িত্ব ও কর্তব্যহেতু কিছু করবার ব্যাপারে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। ডাঃ মুখার্জী সমবেতদের সতর্ক করে বলেন, বর্তমানে দেশের একশো কোটি জনসংখ্যার মধ্যে দশ কোটি বিকলাঙ্গ। তাই আমাদের সেই বিশাল জনগোষ্ঠীর জন্য কিছু ইতিবাচক চিন্তা-ভাবনা করতেই হবে। বিকলাঙ্গরা যাতে সমস্ত সরকারী বেসরকারী কার্যালয়ে খুব সহজে নিজেই পেঁছে যেতে পারেন সে ব্যাপারে এসক্যালেটর ধরনের কোন বিশেষ ব্যবস্থা করার ব্যাপারে রত্নেশ কুমার সাংসদ হাসনাত খানের কাছে প্রস্তাব রাখেন। সাংসদ তাঁর এম পি ল্যাডের টাকা থেকে সে ব্যাপারে সাহায্যের প্রতিশ্রুতি দেন। তিনি বলেন, গত বছর এরূপ শিবির করলেও সেবার তেমন সফল হইনি। এবার শিবিরে উপস্থিত সমস্ত রোগীকেই কোনও না কোনভাবে সাহায্য করা যাবে। এছাড়া সভায় উপস্থিত বাকী কর্তা ব্যক্তিরাও শিবিরের সাফল্য কামনা করে প্রাসঙ্গিক বক্তব্য রাখেন। সভার শেষ পর্বে আহ্বায়ক মৃগাঙ্ক ভট্টাচার্য্যর তালিকানুযায়ী বিকলাঙ্গদের কিছু ট্রাইসাইকেল, হুইল চেয়ার, স্ক্রাচ প্রভৃতি বিতরণের ব্যবস্থা নেওয়া হয়।


### অগ্রগতির ২২ বছর
### মানুষের আশা, খুঁজে পায় ভাষা

★ কৃষিজ ফলন মৎস্যচাষে অবিচ্ছিন্ন সাফল্য

★ ভূমি সংস্কারে প্রশ্নাতীত নজির ও শ্রমজীবী মানুষের অধিকারের স্বীকৃতি।

★ ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থায় গ্রামীণ সমৃদ্ধি।

★ শিক্ষা সংস্কৃতির জনমুখী জোয়ার।

★ বিদ্যুৎসহ অন্যান্য পরিকাঠামোর উন্নতি ও শিল্পের পুনর্জাগরণ।

★ জনস্বাস্থ্য রক্ষায় সময়োপযোগী ভূমিকা।

★ পর্যটন ও আবাসন ক্ষেত্রে কার্যকরী কৃতিত্ব।

★ প্রাণী সম্পদ ও ক্ষুদ্রশিল্পের বিকাশ।

**২২ বছর জনগণের সঙ্গে আমাদের অটুট বন্ধন**

**পশ্চিমবঙ্গ সরকার**

Memo No. 61(35)/Inf. M/Advt. Dated 2/2/2000


Government of West Bengal

## Office of the Executive Engineer
## Ganga Anti Erosion Divn. (I)

Raghunathganj, Murshidabad

**Abridged Tender Notice No. 13**
**G. A. E. Dn. I of '99—2000**

Scaled tenders in prescribed form are hereby invited for the following works related to anti erosion works along the right bank of river Ganga/Padma under N. I. T. No. 13 of 99-2000 by the E. E. G. A. E. D. I. Rnj. Msd.

1. Constn. of 5 nos. bed bars at 400 M. away from Boira Sluice point at village Chintamony mouza. Boira P. S. Lalgola, Dist. Msd.—5 nos. works. 1) for Rs. 22,80,678/- 2) Rs. 21,17,798/- 3) Rs. 14,10,459/- 4) Rs. 6,64,864/- 5) Rs. 20,75,324/-

2. Supply of boulders for Constn. of 5 nos. bed bars at Chintamony mouza. Boira P. S. Lalgola, Dist. Msd.-4 nos. works @ Rs. 54,30,964/- each and other 4 nos. @ Rs. 53,13,039/- each.

3. Renovation of damaged portion of bed bar no. N2 at Mouza. Anupnagar under Dhuliyan Municipality-3 nos. works @ Rs. 7,44.218/- each.

4. Renovation of damaged portion of bed bar no. N2 at Laxminagar in Mouza. Anupnagar P. S. Samserganj 1 no. work for Rs. 16,29,975/- & 1 no. works for Rs. 7,97,410/-

5. Supply of boulders for renovation of damaged portion of bed bar no. N2 at Laxminagar in Mouza. Anupnagar etc.—2 no. works @ Rs. 35,92,789/- each.

6. Supply of boulders for renovation of damaged portion of bed bar no. N2 at Mouza. Anupnagar under Dhuliyan Municipality—6 No. works @ Rs. 9,10,300/- each. 2 no. works @ Rs. 9,60,560/- each.

Last date of receipt of application for purchase of Tender Form—10,03,2000 upto 16.00 Hrs.

Last date of dropping Tender papers—22. 03. 2000 upto 14-00 Hrs.

Elgibility : Bonafide out side Contractors & Engineers Co-operative Societies in some cases. For further details office of the Ex. Engineer, Ganga Anti Erosion Divn. I, Raghunathganj, Msd. may be contacted in any working day.

Sd./- **M. K. Bharati**
Executive Engineer,
Ganga Anti Erosion Divn. ( I )
Raghunathganj, Murshidabad

Memo No. 206 (23) Date 7/2/2000

**সিপিএর ভোট বয়কট** ( ১ম পৃষ্ঠার পর )

ভোট গণনার সময়ও সিপিএর কোন প্রতিনিধি ছিলো না। অন্যদিকে এসএফআই-এর জেলা কমিটির সদস্য সাধন সরকার, নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক রামচন্দ্র দাস ও সুতী থানার ওসি শান্তিপূর্ণ নির্বাচন দাবী করেন। কলেজ ছাত্র সংসদ নির্বাচনে এস, এফ, আই-এর সন্ত্রাসের প্রতিবাদে গত ২৬ ফেব্রুয়ারী অরঙ্গাবাদে কংগ্রেসের এক বিক্ষোভ মিছিলে সুতীর বিধায়ক মহঃ সোহরাব, অরঙ্গাবাদের বিধায়ক হুমায়ুন রেজা প্রমুখ বক্তব্য রাখেন।

**দু'লক্ষর ওপর টাকা লুঠ, চারজন গ্রেপ্তার** ( ১ম পৃষ্ঠার পর )

তিস্তা তোর্সা এক্সপ্রেস থেকে দু'জন দুর্বৃত্তকে গ্রেপ্তার করে। ওদের কাছ থেকে ২৪,০০০ টাকা, একটি পাইপগান ও একটি ভোজালী উদ্ধার হয়। ধৃতদের একজনের নাম সুজিত ঘোষ, বাড়ী ধুলিয়ানের রতনপুরে। অন্যজন বারহারোয়ার বিষণপুরের, নাম চিত্তরঞ্জন রবিদাস। জিয়াগঞ্জ থানার ওসিও ঐ রাতে ফরাক্কা থানার খোদাবন্দপুরের কামরুল হককে ভোজালীসমেত আজিমগঞ্জে গ্রেপ্তার করেন। তার কাছ থেকেও নগদ ১২,০০০ টাকা পাওয়া যায়। জঙ্গিপুর রোড ষ্টেশন সূত্রে খবর পেয়ে রঘুনাথগঞ্জ থানার ওসি পরদিন ২৪ ফেব্রুয়ারী সকালে অজগরপাড়ায় জাতীয় সড়কের ধার থেকে আরো একজনকে গ্রেপ্তার করেন ধৃত দুর্বৃত্তর বাড়ী সামসেরগঞ্জ থানার কামাত গ্রামে। নাম মতিউর রহমান। ওর কাছ থেকেও ১২,০০০ টাকা উদ্ধার হয়। দুর্বৃত্তরা দলে ১২ জন ছিল বলে পুলিশ জানায়। অন্যদিকে স্বাধীন প্রামাণিককে আশংকাজনক অবস্থায় লালবাগ হাসপাতালে ভর্তি করা হয়। তাঁর দু' হাত ও মাথায় অনেকগুলো সেলাই পড়ে। এই প্রসঙ্গে আরো জানা যায় মুর্শিদাবাদ ডিষ্ট্রিক্ট এক্সসাইজ লাইসেন্সসীজ এসোসিয়েশনের সেক্রেটারী স্বাধীন প্রামাণিক ২৪ ফেব্রুয়ারী বহরমপুর ব্যাঙ্কে ডিউটি জমা দেবার জন্য ১ লক্ষ ৪০ হাজার টাকা নিয়ে যাচ্ছিলেন।




আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

## বাঘিড়া ননী এণ্ড সন্স

মির্জাপুর ।। গনকর

ফোন নং : গনকর ৬২০২৯



## Hints Security Service (H. S. S.)

প্রাইভেট কোম্পানীতে লোভনীয় চাকরী। সঙ্গে সঙ্গে নিয়োগ। বেয়ারার, নিরাপত্তারক্ষী, সুপারভাইজার, ইনচার্জ, পিয়ন, ক্লার্ক, ক্যাশিয়ার, এ্যাকাউণ্টেন্ট প্রভৃতি পদে। এক্স সার্ভিসম্যানদের অগ্রাধিকার আছে। নূনতম শিক্ষাগত যোগ্যতা—অষ্টম শ্রেণী পাশ। সত্বর যোগাযোগ করুন সকাল ১১টা হইতে বৈকাল ৫টা পর্যন্ত। আনুসঙ্গিক খরচ নিজস্ব। যোগাযোগের ঠিকানা—

৩৪নং জাতীয় সড়কের উমরপুর লজের বাম পার্শ্বে
পোঃ ঘোড়শালা ( মুর্শিদাবাদ )



সকলকে অভিনন্দন জানাই—

## রঘুনাথগঞ্জ ব্লক নং-১
## রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )

রেজিঃ নং—২০ ✶ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সাটিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

বিশেষ সরকারী ছাড় ১০%

✪ সততাই আমাদের মূলধন ✪

| জয়ন্ত বাঘিড়া | ধনঞ্জয় কাদিয়া | অচিন্ত্য মনিয়া |
| --- | --- | --- |
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |



আপনাদের সেবায় দীর্ঘদিন যাবৎ নিয়োজিত—

## ✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚

ফুলতলা ★ রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

( সবজী বাজারের বিপরীত দিকে )

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক ডাঃ গোপন সাহা

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি (ডাবলু, টি), এফ. ডাবলু. টি ( আই. আর. সি. এস ) ( স্ত্রী ও শিশুরোগ বিশেষজ্ঞ )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনষ্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার 'কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।


দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ), পিন-৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।